যুগান্তর

20 2002

তারিখ ........................
পৃষ্ঠা ৩ ..... কলাম ..... ৬

# ইডেনের মেধাবী ছাত্রী শাকিরুনকে ভুলতে পারছে না কেউ

যুগান্তর রিপোর্ট



ইডেন কলেজের অর্থনীতি বিভাগের প্রথমবর্ষের মেধাবী ছাত্রী শাকিরুন আক্তারকে ভুলতে পারছে না তার সহপাঠী বন্ধু-বান্ধব ও শিক্ষকরা। ৩ মে চাঁদপুরের ষাটনলে স্মরণকালের ভয়াবহ লঞ্চ দুর্ঘটনায় তিন শতাধিক যাত্রীর

ভুলতে : পৃষ্ঠা : ৭ কলাম : ৬

## ভুলতে : পারছে না

(৩য় পৃষ্ঠার পর)

সঙ্গে তারও মৃত্যু হয়। পৃথিবী থেকে বিদায় নিলেও শাকিরুন বেঁচে আছে তার কলেজের শিক্ষক ও বন্ধু-বান্ধবদের হৃদয়ে। পটুয়াখালীর দশমিনায় তার বাড়ি। বাবার নাম হারুন-অর রশীদ। দুই ভাই, এক বোনের মধ্যে শাকিরুন বড়। ছোট বেলাতেই মা মারা যায় তার। দাদীর কাছেই বড় হয়। এসএসসিতে মানবিক বিভাগে ৭১২ নম্বর পায় শাকিরুন। উপস্থিত বক্তৃতা, কবিতা আবৃত্তি, অভিনয়, সঙ্গীতসহ অন্যান্য ক্ষেত্রে তার প্রতিভা ছিল ঈর্ষণীয়।